



ডিজিটাল দুনিয়া সম্পর্কে সম্যক ধারণা: অভিভাবকদের কুইজ

নিচের এই বহু-নির্বাচনী কুইজের মাধ্যমে দেখা যাক ডিজিটাল দুনিয়া সম্পর্কে আপনার জ্ঞান কতটুকু...

১। নিচের কোন কথাটি থেকে বোঝা যাবে যে শিশুটি ডিজিটাল সুরক্ষা সম্পর্কে সম্যক ধারণার অধিকারী?

ক। সে অনলাইন দুনিয়া সম্পর্কে সবকিছু জানে

খ। সে প্রযুক্তি বিশেষজ্ঞ ও কম্পিউটার কিভাবে কাজ করে তা জানে

গ। অনলাইনে যে-সকল সমস্যার সম্মুখীন হতে হয় সেগুলো থেকে উত্তরনের পথ তার জানা

ঘ। সে অন্যদের সাথে অনলাইনে সাধারণত অভদ্র ব্যবহার করে

২। এই কথাটি নিম্নের কোন বিষয়টিকে বোঝায়? “আপনার জীবনের এই মুহূর্তে ঘটে যাওয়া ঘটনাকে চলচ্চিত্রের মত সারা পৃথিবীর সামনে তুলে ধরা”

ক। অনলাইনে নিজের স্বরূপ প্রকাশ না করে অন্য কারো মতো আচরণ করা

খ। তিনজন বন্ধুর সাথে ভিডিও চ্যাট করা

গ। ‘পিয়র টু পিয়র সাপোর্ট

ঘ। লাইভ স্ট্রিমিং

৩। নিচের কোনটি অনলাইন ‘ট্রলিং’ এর উদাহরণ?

ক। সোশ্যাল মিডিয়াতে বিভিন্ন অবমাননাকর পোস্ট দেয়া এবং অনলাইনে অযথা তর্ক করা

খ। সোশ্যাল মিডিয়ার প্রতিটি পোস্টে কমেন্ট করা

গ। শব্দের বদলে বিভিন্ন হাসির ‘ইমোজি’ ব্যবহার করা

ঘ। গ্রুপ চ্যাটে বন্ধুদের কাছে নিজের ছবি পাঠানো

৪। ফেসবুক কেন নিবন্ধনের জন্য কোন ফি নেয়না কেন?

ক। এটি একটি দানভিত্তিক সেবা যা বিনামূল্যে দেয়া হয়

খ। ফেসবুক অত্যন্ত ধনী প্রতিষ্ঠান যার বাড়তি অর্থের প্রয়োজন নেই

গ। ১৬ বছরের ঊর্ধ্ব যাদের বয়স তাদের ফেসবুক ব্যবহারের জন্য অর্থ দিতে হয়

ঘ। ফেসবুক বিজ্ঞাপন থেকে অর্থ পায় যা আপনাকে উদ্দেশ্য করেই করা

৫। নিয়ন্ত্রণ, ব্লক করা, প্রাইভেসি সেটিংস এবং পেশাগত কন্টেন্ট। অ্যাপ এবং ওয়েবসাইটের এই ফিচারগুলোর কাজের ভেতর মধ্যে কি মিল রয়েছে?

ক। অনিরাপদ ওয়েবসাইট চিহ্নিত করে

খ। ওয়েবসাইটটি আরো নিরাপদ হতে পারে

গ। ওয়েবসাইটটি নিশ্চিতভাবে একটি খবরভিত্তিক সাইট

ঘ। দিনে ১০,০০০ এর বেশি ভিজিটর প্রতিদিন সাইটটি ভিজিট করে



ডিজিটাল দুনিয়া সম্পর্কে সম্যক ধারণা: অভিভাবকদের কুইজ

৬। আপনার শিশুকে যদি অনলাইনে কেউ বাজে ও অশালীন মেসেজ পাঠায় সে ক্ষেত্রে আপনার কি করা উচিত বলে আপনি মনে করেন?

ক। তাদের পালটা একটি মেসেজ পাঠিয়ে এসব করতে নিষেধ করা

খ। আপনার শিশুকে মেসেজ ডিলেট করতে সাহায্য করা

গ। শিশুকে এসব মেসেজ দেখে অবজ্ঞা করতে বলা কারণ অনলাইনে কারো ক্ষতি করা সম্ভব নয়

ঘ। আপনার শিশুকে মানসিক দুরবস্থা কাটিয়ে উঠতে সাহায্য করা এবং প্রেরক সম্পর্কে রিপোর্ট করে তাকে ব্লক করে দেয়া

৭। আপনার শিশুর কোন তথ্যটি অনলাইনে প্রকাশ হলে ক্ষতিকর হতে পারে?

ক। প্রিয় বিষয়

খ। স্কুলের নাম

গ। প্রিয় খেলা

ঘ। সবচেয়ে অপছন্দের চলচ্চিত্র

৮। 'ফিশিং' কি?

ক। যখন কেউ অনলাইনে অশোভন কমেন্ট করে

খ। আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করার জন্য কেউ অপচেষ্টা চালায়

গ। অনলাইন সেবাদানকারীর কাছে অশোভন কর্মকান্ডের রিপোর্ট করা

ঘ। সেলিব্রিটিদের ছবিতে কমেন্ট করা

৯। অনলাইনে অনেক সময় একটি সাইট আরেকটি সাইটের থেকে বিপদজনক হয়। নিচের কোন কোন কথাটি অনলাইনে অনিরাপদ সাইটের সূচক নয়?

ক। যে সাইটে কোন নিয়ন্ত্রক নেই এবং যেখানে রিপোর্ট করারও সুযোগ নেই

খ। যে ওয়েবসাইটে লাইভ স্ট্রিমিং করা যায়

গ। যে কেউ সেখানে কমেন্ট করতে পারে এবং সেই কমেন্টগুলো নিয়ন্ত্রণ করার কেউ নেই

ঘ। যে ওয়েবসাইটের প্রতিবেদন গুলোর সাথে খুব বেশী ছবি থাকেনা

১০। এই কথাটির মানে কি? 'তুমি একটা পাসওয়ার্ড দিয়ে সাইন ইন করবে এবং তোমার ফোনে একটি কোড চলে যাবে যা কিনা বাড়তি নিরাপত্তা হিসেবে কাজ করবে'

ক। নিয়ন্ত্রন

খ। টু-স্টেপ ভেরিফিকেশন

গ। পাসওয়ার্ড শেয়ারিং

ঘ। অনলাইনে গোপনীয়তা



ডিজিটাল দুনিয়া সম্পর্কে সম্যক ধারণা: অভিভাবকদের কুইজ

১১। সোশ্যাল মিডিয়া সাইটের একটি পোস্ট একটি বিশেষ গোষ্ঠীর প্রতি ধর্মীয় আক্রমণ করলো। আরেকজন তা 'লাইক' ও বন্ধুদের সাথে শেয়ার করলো। এ অবস্থায় নিচের কোনটি করণীয়?

ক। এটা স্নেহ মজা, আর মজার হলে লাইক ও শেয়ারে কোন সমস্যা নেই

গ। শেয়ার করতে সমস্যা নেই তবে অবশ্যই বলে দিতে হবে যে এটা মজা করে করা বা কৌতুক ছিলো

খ। এটা একধরনের ঘণামূলক বক্তব্য এবং তা সোশ্যাল মিডিয়াতে ছড়িয়ে দেয়া উচিত নয়

ঘ। ব্যক্তিগত তথ্য বা ছবি না থাকলে শেয়ার করতে সমস্যা নেই

১২। সব ওয়েবসাইট নিরাপদ নয় এবং কিছু ওয়েবসাইটে ভুয়া খবর ও অসত্য তথ্য থাকে। কিভাবে বুঝবেন যে ওয়েবসাইটটি নিরাপদ?

ক। প্রচুর 'পপ-আপ' বিজ্ঞাপন আছে

খ। ওয়েবসাইটটির ওয়েব অ্যাড্রেসটিতে প্রচুর সংখ্যা, অক্ষর ও ক্যারেক্টার রয়েছে

গ। ওয়েবসাইটটির নির্মাতা প্রতিষ্ঠানটির যথেষ্ট সুনাম রয়েছে

ঘ। ওয়েবসাইটটিতে ব্যবহৃত ছবিগুলো মাত্রাতিরিক্ত এডিট করা